# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৩২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সূর্য গ্রহণের দ্বিতীয় ধরণের সালাতের বিবরণ

## ذِكْرُ النَّوْعِ الثَّانِي مِنْ صَلَاةِ الْكُسُوفِ

আরবী

2832 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إسحاق بن إبراهيم قال: أخبرنا جرير عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي سُلَيْمَانَ عَنْ عَطَاءِ بْنِ أَبِي رَبَاحٍ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: انْكَسَفَتِ الشَّمْسُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَطَالَ الْقِيَامَ ثُمَّ رَكَعَ ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَقَامَ دُونَ قِيَامِهِ الْأَوْلِ ثُمَّ رَكَعَ ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَقَامَ دُونَ قِيَامِهِ الْأَوْلِ ثُمَّ رَكَعَ ثَلَاثَ رَكَعَاتٍ ثُمَّ سَجَدَ ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَقَامَ فَرَكَعَ ثَلَاثَ رَكَعَاتٍ قَامَ فِيهِنَّ دُونَ قِيَامِهِ الْأَوْلِ ثُمَّ سَجَدَ ثُمَّ انْصَرَفَ ـ وَقَدْ تَجَلَّتِ الشَّمْسُ ـ فَقَالَ: (إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ لَا يَنْكَسِفَانِ لِمَوْتِ أَحَدٍ وَلَا لِحَيَاتِهِ وَهُمَا آيَتَانِ مِنْ آيَاتِ اللَّهِ فَإِذَا رَأَيْتُمْ كُسُوفَهُمَا فَصَلُّوا حَتَّى ينجلي)

الراوي : جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2832 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (656) ((صحيح أبي داود)) (1069 ـ 1070): م، لكن قوله: ثلاث ركعات ... شاذ، والمحفوظ: ركعتان؛ كما في بعض طرقه.

বাংলা

২৮৩২. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সময়ে সূর্য গ্রহণ লাগলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত আদায় করেন। তিনি দীর্ঘক্ষন কিয়াম করেন। তারপর রুকূ‘ করেন। তারপর রুকূ‘ থেকে মাথা উত্তোলন করেন। তারপর আবার কিয়াম করেন, তবে সেটা প্রথম কিয়াম অপেক্ষা কম। তারপর রুকূ‘ করেন। তারপর রুকূ‘ মাথা উত্তোলন করেন। তারপর তিনি

কিয়াম করেন, তবে সেটা প্রথম কিয়াম অপেক্ষা কম। তারপর তিনি রুকূ‘ করেন। তিনটি রুকূ‘। তারপর সাজদা করেন। তারপর সাজদা থেকে মাথা উত্তোলন করেন। তারপর তিনি দাঁড়ান। অতঃপর তিনটি রুকূ‘ করেন। এতে তিনি কিয়াম করেন, তবে সেটা প্রথম কিয়াম অপেক্ষা কম। তারপর আবার সাজদা করেন। তারপর সালাম ফেরান। ইতোমধ্যে সূর্য গ্রহণ শেষ হয়ে গেছে। তখন তিনি বলেন, “নিশ্চয়ই সূর্য ও চন্দ্র কারো বেঁচে থাকা অথবা কারো মৃত্যুবরণ করার কারণে গ্রহণ লাগে না। বরং এগুলি আল্লাহর নিদর্শনসমূহের মধ্যে দুটি নিদর্শন। কাজেই যখন তোমরা এদের গ্রহণ দেখবে, তখন তোমরা গ্রহণ শেষ না হওয়া পর্যন্ত সালাত আদায় করবে।”[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৮৬; মুসনাদ আহমাদ: ৩/২১৭-২১৮; আবূ দাঊদ: ১১৭৮; সহীহ মুসলিম: ৯০৪; আবূ আওয়ানা: ২/৩৭২-৩৭৩; সুনান বাইহাকী: ৩/৩২৪; আত তায়ালিসী: ১৭৫৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। তবে তিন রুকূ‘ করার বিষয়টি শায। (সহীহ আবূ দাঊদ: ১০৬৯-১০৭০)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92162

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন